দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 SEP 2007

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর

সূত্র নং-০৬(১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/পরীঃ/০৭-০৮/৯৯/১/২/৫৮৪৪ তারিখ ঃ ১৮-৯-০৭

# ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স কোর্সে পাঠদানের জন্য অধিভুক্ত কলেজসমূহে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি অনার্স কোর্সে প্রথম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষা আগামী ২৫-০১-২০০৮ তারিখ (শুক্রবার) সকাল ১০-৩০ মিনিট থেকে ১১-৩০ মিনিট পর্যন্ত একই সময়ে বাংলাদেশের সকল কেন্দ্রে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচী ও নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে প্রার্থীর প্রাথমিক যোগ্যতা ঃ

ক) কেবলমাত্র ২০০৬ ও ২০০৭ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রী আবেদন করতে পারবে, তবে শর্ত থাকে যে,

(i) ২০০৬-২০০৭ সালে উচ্চ মাধ্যমিক পাস প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষাতেই ন্যূনতম C Grade/GPA-2 পেতে হবে।

(ii) যে বিষয়ে অনার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা অনুমোদিত সমগোত্রীয় বিষয়ে প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম GPA-2/C Grade পেতে হবে।

(iii) যে বিষয়ে অনার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পড়ে থাকলে প্রার্থীকে সে বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম GPA-2/C Grade পেতে হবে। তার ক্ষেত্রে অন্য কোন বিষয়কে সমগোত্রীয় বিষয় হিসেবে গণ্য করা যাবে না।

(iv) মানোন্নয়ন পরীক্ষার্থী অথবা এক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে ২০০৬ সালে উচ্চ মাধ্যমিক/সমমান পাস করে থাকলে প্রার্থীকে উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক উভয় পরীক্ষাতেই ন্যূনতম GPA-2/C Grade পেতে হবে।

(v) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গণিতে ন্যূনতম D Grade না পেলে কোন ছাত্রছাত্রী পদার্থবিজ্ঞান/রসায়ন/পরিসংখ্যান অনার্স কোর্সে ভর্তি হতে পারবে না।

খ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে সকল ছাত্রছাত্রী ২০০৬-২০০৭ সালে ন্যূনতম C Grade পেয়ে উত্তীর্ণ হয়েছে তারাও ভর্তি পরীক্ষায় অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে ৩১-১২-২০০৭ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ২২ (বাইশ) বছরের অধিক হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। বয়সের বিষয়টি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিশ্চিত করবে।

গ) মাদরাসা বোর্ডের আলিম পাস ছাত্রছাত্রী অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) মাদরাসা বোর্ডের আলিম পাস ছাত্রছাত্রী যারা বিজ্ঞান গ্রুপ থেকে আলিম পাস করেছে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে তারা বিএসসি অনার্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এ পাস করা ছাত্রছাত্রী অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট অনার্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

চ) 'O' লেভেল পরীক্ষায় অন্তত চারটি বিষয়ে এবং কেবল ২০০৬ ও ২০০৭ সালে 'A' লেভেল পরীক্ষায় অন্তত দুটি বিষয়ে উত্তীর্ণ ছাত্রছাত্রী অনার্স কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে 'O' লেভেল পরীক্ষায় মোট ৬টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৪টি বিষয়ে B Grade এবং দুটি বিষয়ে C Grade পেতে হবে।

ছ) বিদেশ থেকে প্রাপ্ত ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/কর্তৃপক্ষ কর্তৃক উচ্চ মাধ্যমিক-এর সমতুল্য নিরূপিত হলে প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকে যে, এরূপ সমতা নিরূপণের কাজ ভর্তি পরীক্ষার আবেদনপত্র সংগ্রহের পূর্বেই সম্পন্ন করতে হবে। অন্যথায় তাদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

জ) কোন প্রার্থী ১০০০ নম্বরের অধিক নম্বরের পরীক্ষায় মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় পাস করে থাকলে তার প্রাপ্ত মোট নম্বরের ১০০০ স্কেল গণনা করে নির্ধারিত ফরম পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবে। অন্যথায় তাদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঝ) উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৪র্থ বিষয়ে ৮০ নম্বর বাদ দিয়ে যে অতিরিক্ত নম্বর পাবে তা মোট নম্বরের সাথে যোগ করা হবে।

২. ভর্তি পরীক্ষার সিলেবাস, মানবন্টন ও ফলাফল প্রস্তুতকরণ ঃ

ক) মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং মোট ১০০টি প্রশ্ন থাকবে।

খ) পরীক্ষার উত্তরপত্র (OMR) বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে এবং উত্তরপত্রেই কালো কালির বলপেন দ্বারা বৃত্ত ভরাটের মাধ্যমে প্রশ্নের উত্তর চিহ্নিত করতে হবে।

গ) ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজী ও সাধারণ জ্ঞান এই তিন বিষয়ের ওপর প্রশ্ন থাকবে। এই তিন বিষয়ের নম্বর বন্টন নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| বাংলা | ২৫ |
| ইংরেজী | ২৫ |
| সাধারণ জ্ঞান | ৫০ |
| মোট | ১০০ |

ঘ) সাধারণ জ্ঞানের প্রশ্ন নিম্নলিখিতভাবে প্রণীত হবে ঃ

১) বাংলাদেশ ও আন্তর্জাতিক ঘটনা প্রসঙ্গে সাধারণ জ্ঞানের ২৫টি প্রশ্ন ২৫ নম্বর

২) উচ্চ মাধ্যমিক স্তরে মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় পঠিত বিষয়ে ২৫টি প্রশ্ন ২৫ নম্বর

ঙ) ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৩৩। তবে শর্ত থাকে যে, ৩৩ নম্বরের মধ্যে ইংরেজী বিষয়ে ন্যূনপক্ষে ০৭ (সাত) এবং বাংলায় ন্যূনপক্ষে ০৭ (সাত) নম্বর করে না পেলে কোন পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষার ফলাফলে অন্তর্ভুক্ত করা হবে না।

চ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বর/GPA ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে।

ছ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর GPA-এর মান যথাক্রমে ৪০ ও ৬০ ধরা হবে।

জ) 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের পরীক্ষায় গ্রেড নম্বর নিম্নোক্ত নীতি অনুসারে নির্ধারণ করা হবে ঃ

গ্রেড-A ৮০
গ্রেড-B ৭০
গ্রেড-C ৬০

উল্লেখিত নম্বর অনুযায়ী 'O' লেভেল-এর মান ৪০% এবং 'A' লেভেল-এর মান ৬০% ধরে এবং এর সাথে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হবে। 'O' লেভেল-এর সর্বোচ্চ গ্রেড প্রাপ্ত ৪টি বিষয়ের এবং 'A' লেভেল-এর সর্বোচ্চ গ্রেড প্রাপ্ত ২টি বিষয়ের গ্রেড উপর্যুক্ত নিয়মানুসারে গণনায় ধরে ১০০০ নম্বরে রূপান্তরিত করা হবে।

৩. ভর্তি পরীক্ষা সংক্রান্ত জ্ঞাতব্য ঃ

(i) ভর্তি নির্দেশিকা, প্রাথমিক আবেদনপত্র ও SIF কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয় থেকে সংগ্রহের তারিখ ২৮-১০-০৭ থেকে ৩০-১০-০৭।

(ii) কলেজ কর্তৃক প্রার্থীদের মধ্যে ভর্তি নির্দেশিকা ও ফরম বিতরণ ৩১-১০-০৭ থেকে ২৯-১১-০৭।

(iii) প্রার্থী কর্তৃক পূরণকৃত ফরম ও SIF কলেজে জমা দেয়ার শেষ তারিখ ০৩-১২-০৭।

(iv) প্রার্থীর পূরণকৃত আবেদনপত্রের বিশ্ববিদ্যালয়ের অংশ, পূরণকৃত SIF এবং ফরম বিক্রয়ের প্রাপ্ত টাকা (বিশ্ববিদ্যালয়ের অংশ) কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ ০৬-১২-০৭।

৪. ভর্তির প্রাথমিক আবেদনপত্র সংগ্রহের সময় ভর্তি পরীক্ষার ফিস বাবদ প্রার্থীকে ২০০/- (দুই শত) টাকা সংশ্লিষ্ট কলেজ অফিসে জমা দিতে হবে। প্রার্থী যে শাখা থেকে (মানবিক, ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান) উচ্চ মাধ্যমিক/সমমান পাস করেছে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম গ্রহণ করবে এবং ঐ শাখার জন্য নির্ধারিত প্রশ্নপত্রে তাকে পরীক্ষা দিতে হবে। ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণার পর প্রার্থী আসন সংখ্যা ও যোগ্যতা অনুযায়ী তার পছন্দের বিষয় নির্ধারণ করার সুযোগ পাবে।

৫। ভর্তির প্রাথমিক আবেদনপত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণকালে সংশ্লিষ্ট কলেজের/অনার্স কোর্সের অধিভুক্তি/নবায়নের প্রমাণপত্র (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং প্রাথমিক আবেদনপত্রের সম্ভাব্য সংখ্যার চাহিদাপত্র (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) বিষয়ওয়ারী আসন সংখ্যার প্রত্যয়নপত্র, বার্ষিক উন্নয়ন ফি জমাদানের ব্যাংক রসিদ অবশ্যই সাথে আনতে হবে।

৬. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

৭. ভর্তি বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd-এ পাওয়া যাবে।

বিঃদ্রঃ ভর্তির জন্য দাখিলকৃত যে কোন দলিলপত্র ভুয়া/অসম্পূর্ণ/তথ্য গোপন প্রমাণিত হলে যে কোন পর্যায়ে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত/তথ্য-এর পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

প্রফেসর শের মোহাম্মদ
ডীন
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

পি-৪৯৪৭/০৭(১৫˝x০)
P-97588